



২০২৫ সালে ক্রিপ্টো ব্যবসায় ট্রাম্পের আয় দেড় বিলিয়ন ডলার: রয়টার্স



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পরিবার ২০২৫ সালে ক্রিপ্টোকারেন্সি-সংশ্লিষ্ট ব্যবসা থেকে প্রায় দেড় বিলিয়ন ডলার আয় করেছে বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। যুক্তরাষ্ট্রের সরকারি আর্থিক বিবরণীর তথ্য বিশ্লেষণ করে এ তথ্য প্রকাশ করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, ট্রাম্প ও তার ছেলের সহ-প্রতিষ্ঠিত ওয়ার্ল্ড লিবার্টি ফাইন্যান্সিয়াল থেকে বড় অঙ্কের আয় এসেছে। এছাড়া ক্রিপ্টো টোকেন এবং ট্রাম্প-সংশ্লিষ্ট মিম কয়েন বিক্রিও আয়ের অন্যতম উৎস ছিল।

রয়টার্সের বিশ্লেষণ অনুযায়ী, ২০২৫ সালে ট্রাম্প পরিবারের মোট ক্রিপ্টো-সংশ্লিষ্ট আয় প্রায় ২ দশমিক ৩ বিলিয়ন ডলারে পৌঁছেছে। বিশ্লেষকদের মতে, বর্তমানে ট্রাম্পের আয়ের সবচেয়ে বড় খাত হয়ে উঠেছে ডিজিটাল সম্পদ বা ক্রিপ্টো ব্যবসা।

তবে সমালোচকদের অভিযোগ, ট্রাম্প প্রশাসনের ক্রিপ্টোবান্ধব নীতির কারণে তার পরিবারের ব্যবসা পরোক্ষভাবে লাভবান হয়েছে। যদিও হোয়াইট হাউস এ অভিযোগ অস্বীকার করে জানিয়েছে, প্রেসিডেন্টের কোনো সিদ্ধান্তই ব্যক্তিগত স্বার্থের ভিত্তিতে নেওয়া হয়নি।